



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৫৬.২০-৬৫০


তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: লাকসাম উপজেলাধীন শ্রী শ্রী রাধাকৃষ্ণ বিগ্রহ মন্দির উন্নয়নের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা এর স্মারক নং-৮৪৩, তারিখ: ২৪/১১/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে কুমিল্লা জেলার লাকসাম উপজেলার মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়নধীন জনার্দনপুর গ্রামের শ্রী শ্রী রাধাকৃষ্ণ বিগ্রহ মন্দির উন্নয়নের জন্য লাকসাম উপজেলা পরিষদের অনুকূলে ১৫ (পনের) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। সে প্রেক্ষিতে উক্ত মন্দির উন্নয়নের জন্য ১৪,৯৯,৯৭৮/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার নয়শত আটাত্তর) টাকার প্রাক্কলন ব্যয় নির্ধারণ করে প্রশাসনিক অনুমোদন চাওয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, লাকসাম উপজেলাধীন শ্রী শ্রী রাধাকৃষ্ণ বিগ্রহ মন্দির উন্নয়নের জন্য ১৪,৯৯,৯৭৮/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার নয়শত আটাত্তর) টাকার প্রাক্কলনটি অনুমোদন করা হলো এবং স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দকৃত অর্থ দ্বারা উক্ত মন্দিরের উন্নয়ন কাজ বাস্তবায়ন করার প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।



(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।